

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, মে ২৮, ২০১৬

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিগত ২০১৪-২০১৫ অর্থ বছরে বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) কর্তৃক জাহাজ ভাড়ার জন্য আহবানকৃত টেন্ডারে মেসার্স সাগরশীপ ম্যানেজম্যান্ট পিটিই লিঃ, ১০ এ্যানসন রোড # ২৬-০৪, ইন্টারন্যাশনাল প্লাজা, সিংগাপুর-০৭৯৯০৩, টেলিফোন নং ৬৫-৬৩২৩১৭৪১/৬৫-৬৩২৩১৭৪৬, ইমেইল-Sagarship@) Sagarshipmgt.com নামক প্রতিষ্ঠান অংশগ্রহণ করে এবং গ্রহণযোগ্য সর্বনিম্ন দরদাতা হিসেবে চারটি জাহাজের বিপরীতে যথাক্রমে ৩৩,০০০.০০, ৩৩,০০০.০০, ৩২,৯৯৯.৯৯১ ও ৩২,৯৯৯.৯৮৫ মেঃ টন ইউরিয়া সার পরিবহনের নিমিত্ত প্রতিষ্ঠানটির সহিত চার্টার পার্টি চুক্তি স্বাক্ষর করা হয়। কিন্তু মেসার্স সাগরশীপ ম্যানেজম্যান্ট পিটিই লিঃ, সিংগাপুর চুক্তি ভঙ্গ করে উক্ত সার খালাস না করে পরিত্যক্ত রেখে চলে যায় যা পরবর্তিতে জাহাজের ওনার ও বিসিআইসি কর্তৃক নিজস্ব ব্যবস্থাপনা ও খরচে খালাস করা হয়। সার সংক্রান্ত এ জটিলতার কারণে সংশ্লিষ্ট জাহাজ মালিক ও স্থানীয় ব্রোকার কর্তৃক মেসার্স সাগরশীপ ম্যানেজম্যান্ট পিটিই লিঃ, সিংগাপুর-এর বিরুদ্ধে মামলা করা হয়েছে এবং বিসিআইসিকে উক্ত মামলার বিবাদি করেছে। ফলে বিসিআইসি মেসার্স সাগরশীপ ম্যানেজম্যান্ট পিটিই লিঃ, সিংগাপুর চুক্তি ভঙ্গের কারণে বিভিন্ন মামলা মোকদ্দমায় জড়িয়ে পড়েছে।

মেসার্স সাগরশীপ ম্যানেজম্যান্ট পিটিই লিঃ, সিংগাপুর চার্টার পার্টি চুক্তির শর্ত ভঙ্গ করায় এর দ্বারা বিসিআইসি আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে এবং বিসিআইসির ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়েছে। তাছাড়া কৃষকদের নিকট যথাসময়ে সার পৌঁছানোর কাজ বিঘ্নিত হয়েছে। ফলে দেশে খাদ্য উৎপাদনের উপর বিরূপ প্রভাব পড়েছে। এসব বিবেচনায়, মেসার্স সাগরশীপ ম্যানেজম্যান্ট পিটিই লিঃ, ১০ এ্যানসন রোড # ২৬-০৪, ইন্টারন্যাশনাল প্লাজা, সিংগাপুর-০৭৯৯০৩, টেলিফোন নং ৬৫-৬৩২৩১৭৪১/৬৫-৬৩২৩১৭৪৬, ইমেইল-Sagarship@) Sagarshipmgt.com নামক প্রতিষ্ঠানটিকে অনির্দিষ্ট সময়ের জন্য বিসিআইসি'র সকল টেন্ডারে অংশগ্রহণ থেকে Debar করা হয়েছে।

বিসিআইসি'র পক্ষে

মোঃ সহিদুল ইসলাম

অতিরিক্ত প্রধান ব্যবস্থাপক

ক্রয় বিভাগ, বিসিআইসি।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(৮-৬৬৫)

মূল্য : টাকা ৪.০০